

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ২৬. সরিষা-দানা সবচেয়ে ছোট ও শাক জাতীয়?

যীশু বলেন: "স্বৰ্গ রাজ্য এমন একটি সরিষা-দানার তুল্য, যাহা কোনো ব্যক্তি লইয়া আপন ক্ষেত্রে বপন করিল। সকল বীজের মধ্যে ঐ বীজ অতি ক্ষুদ্র (KJV: Which indeed is the least of all seeds. RSV: it is the smallest of all the seeds); কিন্তু বাড়িয়া উঠিলে পর তাহা শাক হইতে বড় হয় (KJV: the greatest among herbs/ RSV: shrubs), এবং এমন বৃক্ষ হইয়া উঠে (becometh/becomes a tree) যে, আকাশের পক্ষীগণ আসিয়া তাহার শাখায় বাস করে।" (মথি ১৩/৩১-৩২)

কি. মো.-২০০৬: "বেহেশতী রাজ্য এমন একটা সরিষা-দানার মত যা একজন লোক নিয়ে নিজের জমিতে লাগাল। সমস্ত বীজের মধ্যে ওটা সত্যিই সবচেয়ে ছোট, কিন্তু গাছ হয়ে বেড়ে উঠলে পর তা সমস্ত শাক-শবজীর মধ্যে সবচেয়ে বড় হয়।"

সমালোচকরা বলেন, এখানে তিনটা ভুল বিদ্যমান: (১) সরিষা-দানা সবচেয়ে ছোট দানা নয়, (২) সরিষা গুলা বা শাক নয়, বরং ঔষধি এবং (৩) এটা গাছ হয় না; বরং মৌসুমেই মারা যায়। স্কট বিডস্ট্রাপ (Scott Bidstrup) বলেন:

"First, mustard seeds, while small, are hardly the smallest of seeds. Many other seeds, particularly some orchid species, are much, much smaller. Second, it isn't a shrub, but an herb, and isn't particularly large as herbs go, either. There are many herbs that get much, much larger. And third, it doesn't become either a shrub or a tree. Like all other herbs, it stays an herb. It is an annual, and usually dies at the end of a single growing season, so could hardly be mistaken for a shrub. The fundamentalist claims that use of this analogy is OK, because, again, this is a parable. It's meant to over dramatize the analogy to drive home the point. It's metaphorical, not literal. The Rational Explanation The reference simply shows an ignorance of very basic botany at best, and if one accepts the fundamentalist's claim, would make Jesus guilty of hyperbole at the least. This is another example of a false premise fallacy. Besides, without losing the power of the metaphor (if a metaphorical device was intended), the error could have simply been avoided by the insertion of the words "one of" (one of the smallest of seeds) rather than stating, without qualification, that it was the smallest."

"প্রথমত, সরিষা-দানা ছোট হলেও, কোনোভাবেই তা সবচেয়ে ছোট দানা নয়। এর চেয়ে ছোট অনেক দানা আছে। বিশেষত অনেক প্রজাতির অর্কিড দানা সরিষা দানার চেয়ে অনেক অনেক ছোট। দ্বিতীয়ত, সরিষা গুলা বা



শাক নয়, বরং এটা ঔষধি। অনেক ঔষধি আছে যা সরিষার চেয়েও অনেক অনেক বড় হয়। তৃতীয়ত, এটা কখনোই গুল্ম-শাক অথবা গাছে পরিণত হয় না। অন্য সকল ঔষধির মতই এটা ঔষধিই থাকে। এটা বাৎসরিক এবং সাধারণত উৎপাদন মৌসুমের শেষেই মারা যায়। কাজেই এটাকে গুল্ম বা শাক বলে ভুল করার কোনো কারণ নেই। মৌলবাদীরা দাবি করেন যে, এ উপমাটা ঠিক আছে; কারণ, পুনরায়, এটা একটা দৃষ্টান্ত। উপমাকে অতি-নাটকীয় করা এবং মূল বিষয়টা বুঝানোই এখানে উদ্দেশ্য। এটা আক্ষরিক নয়, বরং রূপক। যৌক্তিক ব্যাখ্যা হল যে, এ উদ্ধৃতিটা সবচেয়ে ভাল অর্থে উদ্ভিদবিদ্যা বা উদ্ভিদ জগতের অতি সাধারণ মৌলিক বিষয় সম্পর্কে অজ্ঞতার প্রমাণ। আর মৌলবাদীদের যুক্তি মেনে নেওয়ার অর্থ ন্যূনতমভাবে যীশুকে অতিকথনের অপরাধে অভিযুক্ত করা। ভুল ভিত্তির উপর উপমা প্রদানের বিভ্রান্তির এটা আরেকটা নমুনা। সর্বোপরি, এ বক্তব্যের দ্বারা যদি সত্যই কোনো রূপক অর্থ উদ্দেশ্য হয়ে থাকে, তবে সে রূপকত্বের শক্তি খর্ব না করেই এ ভুল এড়ানো সম্ভব ছিল। সরিষা দানাকে সরাসরি 'সবচেয়ে ছোট দানা' না বলে শুধু 'মধ্যে একটি' শব্দম্বয় বাড়িয়ে (সরিষা দানা সবচেয়ে ছোট দানাগুলোর মধ্যে একটা) বললেই এ ভুল এড়ানো যেত।"[1]

ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14188